

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বাংলাদেশ পরিকল্পনা কমিশন
শিল্প ও শক্তি বিভাগ
শিল্প ও সমন্বয়-৩ শাখা


স্মারক নং-২০.০৫.০০০০.৫১২.০৬.০০৩.১৮(অংশ-২). ৬

তারিখঃ ১৯ চৈত্র ১৪৩০
০২ এপ্রিল ২০২৪

বিষয়ঃ শিল্প ও শক্তি বিভাগের ফেব্রুয়ারি ২০২৪ এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

শিল্প ও শক্তি বিভাগের সদস্য (সচিব) মহোদয়ের সভাপতিত্বে গত ২১/০৩/২০২৪ তারিখে অনুষ্ঠিত এ বিভাগের মাসিক সমন্বয় সভার অনুমোদিত কার্যবিবরণী পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য নির্দেশক্রমে এতদসঙ্গে প্রেরণ করা হলো।

সংযুক্তিঃ বর্ণনামতে।


০২/০৪/২০২৪
উম্মে সায়মা
উপপ্রধান
ফোনঃ ৯১৮০৮০১

বিতরণঃ (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ১। যুগ্মপ্রধান, বিদ্যুৎ/ওজিএনআর/শিল্প ও সমন্বয়/ইএন্ডই/বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ২। উপ-প্রধান, বিদ্যুৎ/ওজিএনআর/শিল্প ও সমন্বয়/ইএন্ডই/বস্ত্র, পাট, শ্রম ও কর্মসংস্থান উইং, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৩। সিঃ সহকারী প্রধান/সহকারী প্রধান/গবেষণা কর্মকর্তা (সকল), শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। সিনিয়র সিস্টেম এনালিস্ট, আইসিটি সেল, পরিকল্পনা বিভাগ, (ওয়েব-সাইটে প্রকাশের জন্য)।

সদয় অবগতির জন্য অনুলিপিঃ

- ১। সিনিয়র সচিব মহোদয়ের একান্ত সচিব, পরিকল্পনা বিভাগ, ঢাকা।
- ২। সদস্য মহোদয়ের একান্ত সচিব, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৩। প্রধান (অতিরিক্ত সচিব) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন, ঢাকা।
- ৪। সংশ্লিষ্ট নথি।

বিষয়ঃ শিল্প ও শক্তি বিভাগের ফেব্রুয়ারি, ২০২৪-এর মাসিক সমন্বয় সভার কার্যবিবরণী।

সভাপতি : ড. মো: মোস্তাফিজুর রহমান,
সদস্য (সচিব),
শিল্প ও শক্তি বিভাগ, পরিকল্পনা কমিশন।

সভার স্থান : শিল্প ও শক্তি বিভাগের সম্মেলন কক্ষ (ব্লক নং-১০, কক্ষ নং-৩)।

সভার তারিখ ও সময় : ২১/০৩/২০২৪, দুপুর ২.০০ টা।

সভার উপস্থিতি : পরিশিষ্ট-‘ক’

১. আলোচনা ও সিদ্ধান্ত:

সভাপতি উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভার কার্যক্রম আরম্ভ করেন। সভাপতির অনুমতিক্রমে উপপ্রধান, শিল্প ও সমন্বয় উইং সভার আলোচ্যসূচি মোতাবেক বিষয়াবলি সংক্ষেপে উপস্থাপন করেন। এ পর্যায়ে বিগত সমন্বয় সভার কার্যবিবরণী নিশ্চিতকরণ ও গৃহীত সিদ্ধান্তসমূহের বাস্তবায়ন অগ্রগতি পর্যালোচনা করা হয় এবং সভায় বিস্তারিত আলোচনান্তে নিম্নোক্ত সিদ্ধান্তসমূহ গৃহীত হয়:

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
১.১	অনুবিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রম	প্রকল্পের পেভিং তালিকা মোতাবেক অনুবিভাগ কর্তৃক গৃহীত কার্যক্রমের হালনাগাদ তথ্যাদি নির্দিষ্ট ছকে প্রতিমাসের ৭ তারিখের মধ্যে শিল্প ও সমন্বয় শাখা-৩ এ প্রেরণ করতে হবে। প্রকল্পের নামের পাশাপাশি প্রাক্কলিত ব্যয় ও মেয়াদ ছক মোতাবেক উল্লেখ করতে হবে।	সকল কর্মকর্তা
১.২	ই-নথির মাধ্যমে নথি নিষ্পত্তিকরণ জোরদারকরণ	শিল্প ও শক্তি বিভাগের প্রত্যেক উইং থেকে প্রতি মাসে সর্বোচ্চ সংখ্যক নথি, ই-নথির মাধ্যমে নিষ্পন্ন করার প্রচেষ্টা চলমান রাখতে হবে।	সকল কর্মকর্তা
১.৩	প্রকল্প পরিদর্শন	শিল্প ও শক্তি বিভাগের কর্মকর্তাগণ নিয়মিতভাবে প্রকল্প পরিদর্শন করবেন এবং যথাসময়ে পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন। পরিদর্শন প্রতিবেদনের অগ্রায়নপত্রের মূল বডিতে সুপারিশসমূহ উল্লেখ করতে হবে।	সকল কর্মকর্তা
১.৪	বিবিধ	(ক) শিল্প ও সমন্বয় বিভাগের অনুমোদিত শূণ্য পদের বিপরীতে ডেস্ক পর্যায়ে কর্মকর্তা/কর্মচারী পদায়নের জন্য পরিকল্পনা বিভাগে নিয়মিত যোগাযোগ করতে হবে।	শিল্প ও সমন্বয় উইং
		(খ) সচিবালয় নির্দেশমালা অনুযায়ী প্রত্যেক কর্মকর্তা নিয়মিতভাবে শাখা পরিদর্শন করবেন এবং পরিদর্শন প্রতিবেদন দাখিল করবেন।	সকল কর্মকর্তা

ক্র: নং	আলোচ্য বিষয়	সিদ্ধান্ত	বাস্তবায়নকারী
		(গ) ২০২৪-২৫ অর্থবছরের এডিপি প্রণয়নের ক্ষেত্রে কার্যক্রম বিভাগ কর্তৃক প্রদত্ত নির্দেশনা অনুযায়ী AMS সফটওয়্যারের মাধ্যমে সংস্থা/মন্ত্রণালয়/বিভাগ হতে প্রাপ্ত প্রস্তাব সেক্টর হতে পুন: পরীক্ষণপূর্বক নির্ধারিত সময়ে কার্যক্রম বিভাগে প্রেরণের বিষয়টি নিশ্চিত করতে হবে।	সকল উইং
		(ঘ) যথসময়ে অফিসে উপস্থিতি ও অফিস ত্যাগের বিষয়টি গুরুত্বসহকারে অনুসরণ করতে হবে।	সকল কর্মকর্তা/কর্মচারী
		(ঙ) PPS সফটওয়্যারের মাধ্যমে নতুন প্রকল্প অনুমোদন প্রক্রিয়াকরণের বিষয়ে কার্যক্রম বিভাগ হতে প্রদত্ত নির্দেশনা অনুসরণ করতে হবে।	সকল কর্মকর্তা

২. প্রাসঙ্গিক অন্যান্য বিষয়সমূহ আলোচনান্তে সভাপতি সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষণা করেন।

(Signature)
২/৪/২০২৪

ড. মো: মোস্তাফিজুর রহমান
সদস্য (সচিব)
শিল্প ও শক্তি বিভাগ
পরিকল্পনা কমিশন